

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা


স্মারক নং-৪৬.০৪২.০৩৩.০৩.১৪৭.২০১১.৩৭৭৩

তারিখঃ ০১.১০. ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগ আয়োজিত বিদেশ প্রশিক্ষণ/স্টাডি টুরের অংশ গ্রহণ না করায় বিমান ভাড়ার ক্ষতিপূরণ এবং হোটেল ভাড়া, দৈনিকভাতা, ট্রানজিট, টার্মিনাল ইত্যাদি বাবদ প্রদানকৃত অর্থ ফেরৎ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের প্রশাসকগণের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ৭-১৯ সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত জার্মান, ইটালী, ফ্রান্স ও সুইজারল্যান্ড এ আয়োজিত বিদেশ প্রশিক্ষণ কাম স্টাডি টুর এ আপনি অংশ গ্রহণ না করায় ইটালীর ভেনিস হতে ফ্রান্সের প্যারিস ফ্লাইটের ইস্যুকৃত টিকেটের ক্ষতিপূরণ বাবদ ৪৫,৫০০.০০ (পয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা দাবী করা হয়েছে। তবে পরবর্তীতে বিদেশ সফর না করলে বিমানের টিকেট বাবদ সম্পূর্ণ অর্থ প্রদান করতে হবে ( ট্রাভেল এজেন্সীর পত্রের ছায়াছবি সংযুক্ত)। এছাড়া বর্ণিত বিদেশ সফরের হোটেল ভাড়া, দৈনিকভাতা, ট্রানজিট, টার্মিনাল বাবদ প্রদত্ত \$ ৪৬৩০ ডলার ফেরত দেয়া প্রয়োজন।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগ আয়োজিত বর্ণিত প্রশিক্ষণ/স্টাডি টুর এ অংশ গ্রহণ না করায় ইটালীর ভেনিস হতে ফ্রান্সের প্যারিস ফ্লাইটের ইস্যুকৃত টিকেটের ক্ষতিপূরণ বাবদ ৪৫,৫০০.০০ (পয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা ব্যক্তিগত তহবিল হতে পরিশোধের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরবর্তী কোন গ্রুপের সাথে আলোচ্য বিদেশ সফরে আপনাকে আবশ্যিকভাবে অংশ গ্রহণের জন্যও অনুরোধ করা হলো। অন্যথায় বিমানের টিকেট বাবদ ১,৪৯,০০০.০০ (এক লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা ব্যক্তিগত তহবিল হতে নির্বাহ করতে হবে। এছাড়া বর্ণিত বিদেশ সফরের হোটেল ভাড়া, দৈনিকভাতা, ট্রানজিট, টার্মিনাল বাবদ প্রদত্ত \$ ৪৬৩০ ডলার ফেরত প্রদানের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০১/১০/১৫  
(জুবাইদা নূসরীন্না)  
উপসচিব  
ফোন : ৯৫৭৫৫৬৮

জনাব মোঃ জিল্লুর রহমান, এডভোকেট  
প্রশাসক  
জেলা পরিষদ, কিশোরগঞ্জ

অনুলিপি :

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।